গাংনীতে আগুন পোহাতে গিয়ে দিনমুজুর অগ্নিদগ্ধ

মেহেরপুরের গাংনীতে আগুন পোহাতে গিয়ে শাহাদুল ইসলাম(৫০) নামের এক দিনমজুর অগ্নিদগ্ধ হয়েছে। গতকাল বুধবার রাত নয়টার দিকে এ ঘটনা ঘটে। সাহাদুল ইসলাম উপজেলার কল্যানপুর গ্রামের মৃত তৈমদ্দিনের ছেলে।

স্থানীয়রা জানান, তীব্র শীতের শরীরে তাপ নেওয়ার জন্য আগুন জ্বালিয়ে শীত নিবারণের চেষ্টা করে সাহাদুল। এসময়ে শরীরে থাকা পোশাকে অসাধানবশত আগুন লেগে যায় । স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ নিয়ে আসে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক সুমাইয়া শারমিন জানান, সাহাদুল ইসলামের শরীরের ৫০ শতাংশ পুড়ে গেছে।উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোন বার্ন ইউনিট না থাকায় উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেলে রেফার্ড করা হয়েছে।

র্যাবের অভিযানে গাংনীতে মাদক সহ আটক-১

মাদক বিরোধী এক অভিযানে মাদক ও মাদক বিক্রির টাকাসহ মোঃ সিদ্দিক আলী (৬০) নামের এক মাদক ব্যাবসায়ীকে আটক করেছে র্যাব। আটককৃত মোঃ সিদ্দিক আলী (৬০) গাংনী উপজেলার খাসমহল গ্রামের মৃত আনছার আলীর ছেলে। আজ সোমবার এক প্রেস রিলিজের মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেছেন র্যাব সিপিসি ১২ গাংনী ক্যাম্পের কমান্ডার মোঃ মনিরুজ্জামান।

প্রেস রিলিজে জানানো হয়েছে, ১৪ জানুয়ারী রাত সাড়ে ৬ টার সময় গোপন সংবাদের ভিত্তিতে একটি অভিযান পরিচালিত হয়। এসময় সিপিসি-মেহেরপুর ক্যাম্পের একটি দল মেহেরপুর জেলার গাংনী থানাধীন ১

নম্বর কাথুলি ইউনিয়নের খাসমহলে মোঃ সিদ্দিক আলী এর চায়ের দোকানের সামনে ৩ গ্রাম হেরোইনসহ সিদ্দিক আলীকে গ্রেফতার করে। এ সময় তার কাছ থেকে মাদক বিক্রয়ের নগদ ১৬ হাজার টাকা জব্দ করা হয়।

মো: মনিরুজ্জামান জানান, প্রাথমিক জিজ্ঞাসাবাদে মোঃ সিদ্দিক আলী মেহেরপুর জেলার বিভিন্ন এলাকায় অবৈধ নেশাজাতীয় মাদকদ্রব্য বিক্রয়ের কথা স্বীকার করেছে। গ্রেফতারকৃত আসামীকে পরবর্তী আইনানুগ পদক্ষেপ গ্রহণের জন্য গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

গাংনীতে স্মার্ট জাতের টমেটো চাষে কৃষকের বাজিমাত

প্রতি বছরই আগাম জাতের সবজি চাষে বেশি মুনাফা অর্জন করলেও এবার আগাম ও উন্নত জাতের স্মার্ট-১২১৭ জাতের টমেটো চাষে বাজিমাত করেছেন মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া গ্রামের কৃষক সজিব রহমান।

ইতোমধ্যে দেড় লাখ টাকার টমেটো বিক্রি করেছেন। আরও লক্ষাধিক টাকার টমেটো বিক্রি করবেন বলে তিনি আশাবাদি। উন্নত জাত ও সঠিক পরিচর্যা ও কৃষি বিভাগের প্রয়োজনীয় পরামর্শ পেলে সবজি চাষিদের ভাগ্যবদলাতে পারে এমন প্রত্যাশা তার। নতুন ও উন্নত জাতের ফসল চাষে মাঠ দিবসের মাধ্যমে স্থানীয় কৃষকদের উদ্বুদ্ধ করা হচ্ছে এমন দাবী কৃষি অফিসের।

মেহেরপুর জেলায় এই প্রথম স্মার্ট-১২১৭ জাতের টমেটো আবাদ করেছেন ভাটপাড়া গ্রামের আকবর আলীর ছেলে কৃষক সজিব রহমান। তিনি জানান, এক বীজ কোম্পানীর মাঠ দিবসে অংশ গ্রহন করে স্মার্ট-১৭ জাতের হাইব্রীড টমেটোর বিষয়ে জানতে পারেন তিনি। পরে পরীক্ষামুলক এক বিঘা জমিতে স্মার্ট-১২১৭ জাতের টমেটোর চারা রোপন করেন। তিনমাস যেতে না যেতেই গাছে আসে ফুল ও ফল। প্রতিটি গাছের পাতার নিচে থোকায় থোকায় ঝুলতে দেখা যায় টমেটো। গাছ ঠেকাতে গাছের সাথে বেঁধে দিতে হয় বাঁশের খুঁটি। ইতোমধ্যে তিনি দেড় লাখ টাকার

সু-স্বাদু হওয়ায় চাহিদা ও দাম ভাল। সে কারনে কৃষক সজিব রহমানের মত কৃষকদের পাশে থেকে মাঠ দিবসের মাধ্যমে বিভিন্ন ফসলের জাত সম্পর্কিত নানা পরামর্শ দিয়ে আসছে কৃষি বিভাগ।

গাংনীতে প্রাণিসম্পদ পরামর্শ কেন্দ্র” সভা অনুষ্ঠিত

মেহেরপুর জেলার গাংনী উপজেলার পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর সমন্বিত কৃষি ইউনিটভূক্ত প্রাণিসম্পদ উন্নয়ন কর্মসূচির আওতায় পলাশীপাড়া শাখার তেঁতুলবাড়িয়া গ্রামে প্রায় ৫০ জন খামারি নিয়ে “প্রাণিসম্পদ পরামর্শ কেন্দ্র” সভা অনুষ্ঠিত হয়।

উক্ত প্রাণীসম্পদ পরামর্শ সভায় হাঁস-মুরগী পালেনের উপকারিতা, এর বিভিন্ন সংক্রামক রোগ ও তার প্রতিকার, খাবার ব্যাবস্থাপনা, নিয়মিত কৃমিনাশক প্রদানের উপকারিতা, এন্টিবায়োটিকের যথাযথ ব্যাবহার রোধ, পিপিআর,এফএমডি, তড়কা রোগের ভ্যাকসিন প্রদানের উপকারিতা সহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে গঠনমূলক আলোচনা করা হয়।

এসময় খামারিদের সংস্থার চলমান বিভিন্ন সেবামূলক ও সমন্বিত কৃষি ইউনিটের চলমান বিভিন্ন প্রদর্শনী সম্পর্কে অবহিত করা হয়। উক্ত ‘পরামর্শ কেন্দ্র’ সভায় রিসোর্স পারসন হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা ভেটেরিনারি সার্জন ডা: মোঃ আরিফুল ইসলাম এবং প্রাণী সম্পদ কর্মকর্তা ডা: মো: মিনহাজুল আবেদীন (পিএসকেএস)।

এছাড়া আরও উপস্থিত ছিলেন পলাশীপাড়া শাখার শাখা ব্যবস্থাপক। উক্ত অনুষ্ঠান আয়োজনে আর্থিক ভাবে সহোযোগিতা করেছে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন।

মুজিবনগরে শ্রদ্ধা নিবেদন করলেন নতুন এমপি নাজমুল হক সাগর

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামীলীগ মনোনীত মেহেরপুর -২(গাংনী) আসনের সংসদ সদস্য হিসেবে নির্বাচিত হয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন আবু সালেহ মো: নাজমুল হক সাগর।

আজ সোমবার দুপুরে তিনি জেলা ও উপজেলা আওয়ামীলীগ নেতাকর্মীদের নিয়ে মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক,জেলা আওয়ামীলীগের সহ সভাপতি সিরাজুল ইসলাম,মহিলা আওয়ামীলীগ নেত্রী নুরজাহান বেগমসহ অনেকে। এরপর টুঙ্গিপাড়ায় জাতির জনক বঙ্গবন্দু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবদেন করবেন বলে জানিয়েছেন।

মেহেরপুর-২ আসনের নির্বাচনী তথ্য

মেহেরপুরের দুইটি আসনে এবার নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা করছেন ১৩ প্রার্থী। দুইটি আসন মিলে জেলায় মোট ভোটা সংখ্যা ৫ লাখ ৫৫ হাজার ৯৬৬ জন। দুইটি আসনেই আওয়ামী লীগের মূল প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থীরা।

মেহেরপুর-২ (গাংনী):
একটি পৌরসভা ও একটি উপজেলা নিয়ে গঠিত এ আসনে ভোটার সংখ্যা ২লাখ ৫৫ হাজার ৯২৯। এর মধ্যে পুরুষ ভোটার ১ লাখ ২৭ হাজার ৪৯৩ জন, মহিলা ভোটার ১ লাখ ২৮ হাজার ৪৩৪ জন এবং হিজড়া ভোটার ২ জন।

এ আসনে নৌকা প্রতীক নিয়ে নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা করছেন

আওয়ামী লীগের মনোনীত ডা. আবু সালেহ মোঃ নাজমুল হক। তিনি জেলা আওয়ামী লীগের স্বাস্থ্য বিষয়ক সম্পাদক। রাজনীতির মাঠে তিনি নতুন মুখ। তাঁর বিপক্ষে ট্রাক প্রতীক নিয়ে নির্বাচনে প্রতীদ্বন্দ্বীতা করছেন দুই বারের সংসদ সদস্য ও প্রবীণ আওয়ামী লীগ নেতা মকবুল হোসেন। এছাড়া জাতীয় পার্টির কেতাব আলী লাঙ্গল, তৃণমূল বিএনপির প্রার্থী আব্দুল গণী সোনালি আঁশ, বাংলাদেশ সাংস্কৃতিক মুক্তিজোটের মো: শাহজামালকে (ছড়ি), ন্যাশনাল পিপলস পার্টির প্রার্থী গোলাম রসুল আম, বাংলাদেশ কংগ্রেসের প্রার্থী আল ফারুক ডাব প্রতীক নিয়ে নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা করছেন।

এ আসনে ৭ জন প্রার্থী থাকলেও মূলত নির্বাচনী প্রচারণা করতে দেখা যাচ্ছে আওয়ামী লীগ প্রার্থীর নৌকা ও স্বতন্ত্র প্রার্থীর ট্রাক প্রতীকের।

এ আসনে একটি পৌরসভা ও ৯ টি ইউনিয়ন মিলে ভোটকেন্দ্র রয়েছে ৯০টি। এর মধ্যে ২০টি কেন্দ্রকে অধিক ঝুঁকিপূর্ণ চিহিৃত করে পুলিশ প্রশাসন। কেন্দ্রগুলিতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। প্রতিটি কেন্দ্রে ২জন পুলিশ সদস্য ১২ জন করে আনছার সদস্য নিরাপত্তার দায়িত্ব পালন করবেন। এছাড়া সেনাবাহিনী, র্যাব, বিজিবি ও পুলিশের স্ট্রাইকিং ফোর্স তাদের কার্যক্রম শুরু করেছে।

গাংনীতে চারটি বোমা সাদৃশ্য বস্তু উদ্ধার, এলাকায় আতংক

মেহেরপুরের গাংনীতে ৪টি বোমা সাদৃশ্য বস্তু উদ্ধার করেছে পুলিশ। আজ শনিবার (০৬ জানুয়ারী) সকালে উপজেলার চাঁদপুর-শালদহ উত্তর মাঠের পাকা সড়কের উপর থেকে স্থানীয় লোকজনের সংবাদের ভিত্তিতে হেমায়েতপুর পুলিশ ক্যাম্পের সদস্যরা সেগুলো উদ্ধার করে। বোমা উদ্ধারের ঘটনা এলাকায় আতঙ্ক বিরাজ করছে।

স্থানীয়রা জানান, সকালে হাটতে বের হয়ে রাস্তায় ৪টি কালো টেপ দিয়ে মড়ানো বোমা সাদৃশ্য বস্তু দেখতে পেয়ে পুলিশকে সংবাদ দেয়া হলে তারা বোমা সাদৃশ্য বস্তু গুলো উদ্ধার করে পানিভর্তি

বালতিতে রেখে নিয়ে যায়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম জানান, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে এলাকায় আতঙ্ক সৃষ্টির লক্ষ্যে বোমা সাদৃশ্য বস্তুগুলি রাস্তার পাশে রেখেছিল দুর্বৃত্তরা। পুলিশ ঘটনা স্থলে গিয়ে বোমা সাদৃশ্য বস্তু চারটি পানিতে চুবিয়ে প্রাথমিক নিষ্ক্রিয় করে থানায় নিয়ে আসে । তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

গাংনীতে নৌকা ও ট্রাক-প্রতীকের কর্মী সমর্থকদের মধ্যে উত্তেজনা

মেহেরপুর ২ আসন গাংনী উপজেলা শহরে প্রচারণা নিয়ে তীব্র উত্তেজনা বিরাজ করছে দু পক্ষের মধ্যে। নির্বাচনী আচরণবিধিমালা লংঘণ করে নৌকার প্রচার করায় প্রতিবাদ জানায় স্বতন্ত্র প্রার্থী ট্রাক প্রতীকের কর্মী সমর্থকরা। এই নিয়ে দু পক্ষের মুখোমুখি অবস্থান নিলে সংঘর্ষের আশঙ্কা দেখা যায়। উভয়পক্ষের মধ্যে বাক বিতন্ডতা ও মার মুখী অবস্থানের কারণে সেখানে জড়ো হতে থাকে ও দুই গ্রুপের নেতাকর্মীরা। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেয়।

গাংনী উপজেলা শ্রমিক লীগের সভাপতি মনিরুজ্জামান মনির অভিযোগ, গাংনী পৌরসভার সাবেক মেয়র আশরাফুল ইসলাম তার মাইক্রোবাসে নৌকা প্রতীকের ফেস্টুন নিয়ে প্রচারণা করছিলেন। প্রচার প্রচারণা বন্ধের সময় পেরিয়ে গেছে তাই বাধা দেওয়া হয়। এতে সাবেক মেয়র আশরাফুল ইসলাম আমাদের উপর আক্রমণ করে।

এদিকে সাবেক মেয়র আশরাফুল ইসলাম জানিয়েছেন, তিনি একটি জানাজা নামাজে অংশ নিতে গিয়েছিলেন। গাড়িতে যে ফেস্টুন বাধা ছিল তা স্মরণ ছিল না। শ্রমিকলীগ নেতা মনিসহ অন্যরা এসে বাধা দেয়। আমি বলেছি যে সরকারি রিটার্নিং কর্মকর্তা এসে যা করার করবেন তোমরা বাধা দেয়ার কারা। এরে তারা আমার উপরে আক্রমণ করে।

গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি তাজুল ইসলাম বলেন, দুপক্ষকে ঘটনাস্থল থেকে সরিয়ে দেওয়া হয়েছে। বর্তমানে পরিস্থিতি পুলিশের নিয়ন্ত্রণ। যেকোনো প্রকার বিশৃঙ্খলা মোকাবেলায় কার্যকর ব্যবস্থা নেওয়া হবে।

গাংনী আসনের স্বতন্ত্র প্রার্থী মকবুল হোসেনের পথসভা

জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে মেহেরপুরের গাংনী উপজেলার পাকুড়িয়া গ্রামে নির্বাচনী পথসভা করেছেন স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন। গতকাল বুধবার রাতে এ পথসভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ধানখোলা (খ ইউনিয়ন) আওয়ামী লীগের সভাপতি আলাহামদু।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুর -২ (গাংনী) আসনের স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি সরকারের বিভিন্ন উন্নয়ন তুলে ধরে। সেই সাথে এলাকার উন্নয়নকে ত্বরান্বিত করতে ট্রাক প্রতীকে ভোট দেয়ার আহবান জানান।

পাকুড়িয়া ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আশরাফুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠিত পথসভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা আওয়ামীলীগের উপদেষ্টা ইয়াসিন রেজা, মেহেরপুর জেলা আওয়ামী কৃষি বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম শাহ, জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন, প্রভাষক সালাহউদ্দিন, জেলা ছাত্র লীগের সাবেক সহ-সভাপতি সাইফুজ্জামান শিপু, গাংনী উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক মশিউর রহমান পলাশ, শ্রমিক লীগের সভাপতি কমরেড আব্দুস সাত্তার, ধানখোলা ইউনিয়ন পরিষদের ৩ নং ওয়ার্ডের সদস্য আনোয়ার হোসেন, সৈনিক লীগের নেতা জাহাঙ্গীর আলম টিটু, স্থানীয়

আওয়ামীলীগ নেতা দ্বীন ইসলাম, ধানখোলা ইউনিয়ন কৃষকলীগের সাধারণ সম্পাদক সেলিম রেজা, কৃষকলীগের স্থানীয় নেতা শুকুর আলী, আওয়ামীলীগ নেতা বরকত আলী, ৫ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মো: খোকন আলী, ধানখোলা ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক মিজানুর রহমান মিজান, হাজি মো: নুরুল ইসলাম, (ধানখোলা-খ) ইউনিয়ন কৃষক লীগের সভাপতি শরিফুল ইসলাম, উপজেলা কৃষকলীগের সহ-সভাপতি হারুন রশীদ, আওয়ামী লীগের স্থানীয় নেতা কাবরান আলী প্রমুখ।

পথসভার আলোচনায় বক্তারা বলেন, বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন শেখ হাসিনার একজন পরিক্ষিত নেতা। গাংনীর প্রতিটি গ্রামের স্পন্দন বোঝেন। প্রতিটি মানুষের দুঃখ বোঝেন,প্রতিটি মানুষের অনুযোগ শোনেন। তাই এবারের নির্বাচনে ট্রাক মার্কায় গণজোয়ার উঠেছে। এই গণজোয়ার দেখে অনেকেই টেবিল সিল মারার অপেক্ষা করছেন। যারা টেবিল সিলের অপেক্ষা করছেন তারা সাবধান হয়ে যান। আপনাদের সেই আশা কখনও পুরুন হবেনা। মকবুল হোসেনের সৈনিকেরা তা প্রতিহত করা হবে। তৃতীয় বারের মত মকবুল হোসেন নির্বাচিত হয়ে গাংনীর মানুষের সেবা করবে। এটায় মকবুল হোসেনের শেষ নির্বাচন বলেও জানান বক্তারা। সকারনে সাত তারিখে ট্রাক মার্কায় ভোট প্রার্থনা করে বলেন,পাকুড়িয়া গ্রামের সকল উন্নয়ন মকবুল হোসেনের হাত দিয়ে হয়েছে,এবারও নির্বাচনে জিতে অসমাপিত কাজগুলি সমাপ্ত করে যেতে চাই।

মুজিবনগর ও গাংনীতে দরিদ্র ও অসহায় বৃদ্ধের মাঝে কম্বল বিতরণ

মুজিবনগরে প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় শীত নিবারণের এর উপকরণ কম্বল বিতরণ করা হয়েছে।

আজ বুধবার আর সকালে পলাশী পাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর আয়োজনে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন এর অর্থায়নে, এসব কম্বল বিতরণ করা হয়।